# পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ
## মুর্শিদাবাদ জেলা শাখা
## বিজ্ঞান অভীক্ষা : ২০২৫

সময় ঃ ১ ঘ. ৩০ মি. **সপ্তম শ্রেণি** পূর্ণমান - ১০০

নাম / Name ....................................................................

### *নির্দেশিকা*

*১) প্রতি প্রশ্নের উত্তর A,B,C,D এর মধ্যে মাত্র একটি ঠিক উত্তর হবে। OMR-এ ঠিক উত্তরের গোলাকার ফাঁকা জায়গাটি সম্পূর্ণ রূপে ভরাট করতে হবে। একাধিক গোল পূরণ করলে কোন নম্বর পাওয়া যাবে না। পূরণ করার আগে ভালভাবে ভাবতে হবে।*

*২) প্রতি প্রশ্নের উত্তর করার সময় প্রশ্নপত্রের নম্বরের সঙ্গে OMR-এ প্রশ্নের নম্বরটি মিলিয়ে নিতে হবে।*

*৩) OMR শিটে পেন বা পেনসিলে রাফ কাজ করা যাবে না। আলাদা রাফ কাগজ দেওয়া হবে ঐ কাগজে রাফ করবে।*

*৪) পরীক্ষার ঘরে মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্ট ওয়াচ প্রভৃতি কোনো ইলেকট্রনিক্স ডিভাইস নিয়ে প্রবেশ করা যাবে না।*

## GROUP - A

1. 1.218713 এর তিন দশমিক এবং চার দশমিক স্থান পর্যন্ত আসন্নমানদ্বয়ের যে পার্থক্য তার দুই দশমিক স্থান পর্যন্ত আসন্ন মান—
   A) 0   B) 0.1   C) 0.2   D) 1.22

2. $35.4 \div 0.03 \times 0.06$ এর সরলফলে দশমিক বিন্দুর পর অঙ্ক সংখ্যা—
   A) 0   B) 1 টি   C) 3 টি   D) 5 টি।

3. একটি সরলরেখাংশের ওপর কোনো বিন্দুতে একটি লম্ব আঁকলে যে দুটি $90^0$ কোণ উৎপন্ন হয় সেই কোণ দুটির সমদ্বিখন্ডকের মধ্যবর্তী কোণের মান—
   A) $30^0$   B) $45^0$   C) $60^0$   D) $90^0$

4. $2x - \frac{1}{x} = 4$ হলে $x^2 + \frac{1}{4x^2}$ এর মান হবে— A) 2   B) 3   C) 5   D) 6

5. $\frac{x}{y} = \frac{y}{x} + \frac{3}{2}$ হলে, $\frac{x^2}{y^2} + \frac{y^2}{x^2}$ এর মান— A) $3\frac{1}{3}$   B) $5\frac{1}{5}$   C) $6\frac{1}{6}$   D) $4\frac{1}{4}$

6. ষড়্‌ভুজের কর্ণের সংখ্যা কত?
   A) 7 টি   B) 8 টি   C) 9 টি   D) 12 টি।

7. একটি বাড়ি রং করতে 22 জন শ্রমিকের 10 দিন সময় লাগে। 11 জন শ্রমিক ঐ বাড়িটি কত দিনে রং করবে?
   A) 15 দিনে   B) 20 দিনে   C) 25 দিনে   D) 30 দিনে।

8. দুটি সংখ্যার অনুপাত 5:7 এবং সংখ্যা দুটির গ.সা.গু 13 হলে সংখ্যা দুটি হবে—
   A) 65, 78   B) 39, 52   C) 26, 39   D) 65, 91

9. $\sqrt{55 - \sqrt{28 + \sqrt{74 - \sqrt{100}}}}$ = কত? A) 8   B) 7   C) 6   D) 5

10. যদি $a+b = 0$ হয়, তবে $a^{11} + b^{11}$ এর মান হবে—
    A) 0   B) 1   C) 2   D) 11

11. আলোর যে ধর্মের জন্য বস্তুর ছায়া গঠিত হয় সেটি হল—
    A) আলোর প্রতিফলন   B) আলোর প্রতিসরণ   C) আলো সরলরেখায় চলে   D) আলোর বিচ্ছুরণ।

12. আমরুল গাছের পাতা দিনের বেলায় একটি নির্দিষ্ট তাপমাত্রায়—
    A) রঙীন হয়   B) খুলে যায়   C) বন্ধ হয়ে যায়   D) একই থাকে।

13. এর মধ্যে কোন্‌টি চুম্বকের ধর্ম নয়?
    A) আকর্ষণ ধর্ম   B) দিক নির্দেশক ধর্ম   C) বিকর্ষণ ধর্ম   D) বিক্ষেপন ধর্ম।

14. ম্যাগনেটাইট নামক চৌম্বকীয় বস্তু আছে— A) পায়রার মস্তিষ্কে   B) কাক এর মস্তিষ্কে   C) সাপ এর ফনাতে   D) পেঁচার চোখে।

15. কোন্ উষ্ণতাটি সেলসিয়াস এবং ফারেনহাইট স্কেলে একই পাঠ দিবে?
    A) $0^0$   B) $100^0$   C) $-40^0$   D) $-32^0$

16. একটি দ্রবণের $P^H$ 6.8 হলে দ্রবণটি হবে— ($25^0$C) A) তীব্র আম্লিক   B) তীব্র ক্ষারীয়   C) প্রশম   D) মৃদু আম্লিক।

17. $Zn + CuSO_4 \rightarrow Zn\,SO_4 + Cu$ বিক্রিয়াটির প্রকৃতি হল— A) সংযোজন B) প্রতিস্থাপন   C) বিয়োজন   D) বিনিময়।

18. ভিনিগারে লাল লিটমাস কাগজ ডোবালে কী হবে?
A) লাল লিটমাস নীলবর্ণ ধারণ করবে B) লাল লিটমাস বর্ণহীন হয়ে যাবে
C) লাল লিটমাস ভিনিগারে দ্রবীভূত হয়ে যাবে D) লাল লিটমাসটির বর্ণের পরিবর্তন হবে না।

19. শরীরে ক্যালসিফেরলের অভাবে যে রোগটি হয় না, তা হল—
A) ক্যারোটোম্যালেসিয়া B) অস্টিওম্যালেশিয়া C) রিকেট D) নক্‌নি।

20. শিক্ষিকা ছাত্র-ছাত্রীদের বাইরের মোমো, চাউমিন খেতে সর্বদা নিষেধ করেন কারণ এতে মিশ্রিত থাকে—
A) ক্যারামেল B) মেটালিন ইয়োলো সাইক্লাসেট C) আজিনোমোটো D) স্যাকারিন।

21. কোন ঘটনাটি অন্যদের থেকে আলাদা—
A) তুমি পাশের বাড়ির গাছের পাকা কাঁঠালের গন্ধ পাও B) মায়ের পেঁয়াজ কাটার সময় চোখ জ্বালা করে
C) ফুল ফুটলে মৌমাছি উড়ে আসে D) মধুকে কোন ব্যাকটেরিয়া সহজে নষ্ট করতে পারে না।

22. দেহে পেশির কাজ ঠিক মতো চালাতে কোন্ খনিজ কাজ করে—
A) সোডিয়াম B) পটাশিয়াম C) আয়োডিন D) জিঙ্ক।

23. নিম্নের কোন্ জোড়টি সঠিক নয়—
A) প্রবাল - নিডারিয়া B) সুন্দাল্যান্ড - বায়োডাইভারসিটি
C) অঙ্কুরিত বীজের পর্ব সন্ধির উপরের অংশ - বীজপত্রাবকান্ড D) গুচ্ছিত ফল-আতা।

24. কোলাজেন প্রোটিন থাকে না— A) পেশিতে B) অস্থিতে C) লিগামেন্টে D) টেনডনে।

25. মটর গাছ কোনো অবলম্বনকে আঁকশি দিয়ে ধরে উপরে ওঠে। এই আঁকশি আসলে - কোন অঙ্গের রূপান্তর—
A) মূলের B) পাতার C) কান্ডের D) কোনটি নয়।

26. ডায়ারিয়া আক্রান্ত একজন রোগীকে গ্লুকোজ ও লবণের জলীয় দ্রবণ দিতে হবে। দ্রবণটির ঘনত্ব কেমন হবে? রক্তকণিকার সঙ্গে—
A) হাইপোটনিক B) হাইপারটনিক C) আইসোটনিক D) এর কোনটিই নয়।

27. তুমি শূন্য ডিগ্রি দ্রাঘিমার ওপর দক্ষিণ মেরুর দিকে মুখ করে দাঁড়ালে তোমার বাম হাত কোন গোলার্ধে থাকবে?
A) পূর্ব গোলার্ধে B) পশ্চিম গোলার্ধে C) উত্তর গোলার্ধে D) দক্ষিণ গোলার্ধে।

28. সাইক্লোন, টাইফুন যখন হয় তখন— A) বৃষ্টিপাত বেশি থাকে B) বায়ুর চাপের পার্থক্য বেশি থাকে
C) পৃথিবীর আবর্তনের বেগ বেশি থাকে D) বাতাসে জলীয় বাষ্প বেশি থাকে।

29. নীচের কোন্‌টি অ্যাপলিকেশন সফ্‌টওয়ার?
A) Linux B) Windows C) MS- Word D) DOS

30. নীচের কোনটি একটি AI app নয়?
A) Chat GPT B) ডিপসিক C) গ্রোক D) Groww

## GROUP - B

31. একটি অসংক্রামক রোগ হল— A) কলেরা B) ডায়াবেটিস C) ইনফ্লুয়েঞ্জা D) প্লেগ।

32. সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে সময় লাগে প্রায়— A) ৬ মিনিট B) ৭ মিনিট C) ৮ মিনিট D) ৯ মিনিট।

33. কোন্ শহরকে বাংলার অক্সফোর্ড বলা হয়? A) নবদ্বীপ B) হাওড়া C) কলকাতা D) দুর্গাপুর।

34. দুধে জলের পরিমাণ নির্ণয় করে— A) ব্যারোমিটার B) সিসমোগ্রাফ C) ল্যাকটোমিটার D) ইনকিউবেটর।


35. ভারতের প্রথম মহিলা মুখ্যমন্ত্রী কে? A) ইন্দিরা গান্ধী B) প্রতিভা পাটিল C) মীরাকুমারী D) সুচেতা কৃপালনী।

36. জাতীয় ডাক্তার দিবস কোন্ দিনটিতে পালিত হয়?
A) ১লা জলুাই B) ৩১শে অক্টোবর C) ৫ই নভেম্বর D) ৩রা জুন।

37. Axiom-4 (Ax–4) মহাকাশ পরিক্রমন প্রকল্পে কোন্ ভারতীয় মহাকাশচারী গিয়েছিলেন?
A) রাকেশ শর্মা B) কল্পনা চাওলা C) সুনীতা উইলিয়ামস্ D) শুভ্রাংশু শুক্লা।

38. যদি 'Q' মানে যোগ 'J' মানে গুণ 'T' মানে বিয়োগ এবং 'K' মানে ভাগ হয়, তবে 30K2Q3J6T5 = ?
A) 18 B) 28 C) 31 D) 103

39. প্রশ্নবোধক স্থানে (?) কত হবে?




A) 14 B) 32 C) 8 D) 22

## GROUP - C

40. Red Planet : মঙ্গল :: Blue Planet : ?
A) বৃহস্পতি B) পৃথিবী C) শনি D) বুধ।

41. "বল বল বল সবে শতবীণা বেণু রবে ভারত...." গানটি কে রচনা করেছেন?

A) অতুল প্রসাদ সেন B) দ্বিজেন্দ্র লাল রায় C) কাজী নজরুল ইসলাম D) রজনীকান্ত সেন।

42. কয়েকদিন ধরে টানা বৃষ্টিতে পথঘাট ডুবে গেছে, অনেক বাড়িতে জল ঢুকেছে। নানা সমস্যার সঙ্গে আছে সাপের উপদ্রব। বাড়ির আনাচে কানাচে অনেক সময় ঘরের মধ্যেও সাপ দেখা যাচ্ছে। খুবই ভয়ের ব্যাপার কি করা যায়? ঠাকুমা বলল-মনসা তলায় পুজো দিয়ে এসো, মা মনসা রুষ্ট হয়েছেন। দাদা বলল— এবছর সাপ খুব বেড়ে গেছে, সাপ দেখলেই মেরে ফেলতে হবে। বাবা বলল— অতি বর্ষায় মানুষের মতো সাপও বিপদে পড়েছে, তাই নিরাপদ আশ্রয়ের জন্য ঘুরে বেড়াচ্ছে, আমাদের খুব সাবধান হতে হবে। কাকা বলল— কি জানি বাবা কি হবে, এবছর পঞ্জিকাতে আমার রাশিফলে আছে পারিবারিক বিপদ আপদ হবে। কে ঠিক বলল?

A) ঠাকুমা B) বাবা C) দাদা D) কাকা।

43. বাপ-মা-মরা ফুটফুটে মেয়ে শর্মিলা মামার বাড়িতে থেকে মানুষ হচ্ছে। ক্লাশ এইটে পড়ে। পড়াশোনায় ও খুব ভাল। হঠাৎ শোনা গেল সামনের সপ্তাহে শর্মিলার বিয়ে হয়ে যাবে, তাই 'ও' আর স্কুলে আসছে না। শর্মিলার সহপাঠী মাস্টার মশাই দিদিমণি সবাই অবাক, সবাইকার মন খারাপ। এই ব্যাপারে যে সব কথাবার্তা হচ্ছিল, তার মধ্যে কার মতামত তোমার কাছে ঠিক বলে মনে হয়নি?

শর্মিলার মামা মামী বললেন— আমার নিজের ছেলেমেয়েদের সঙ্গে আবার ওর দায়িত্ব! বিয়ে দিলে দায়িত্ব মুক্ত হই। স্যার ও দিদিরা বললেন ১৮ বছরের কম বয়সের মেয়েদের বিয়ে দেওয়া উচিৎ নয়, তাতে মেয়েটি এবং তার ভবিষ্যত সন্তান সকলের স্বাস্থ্যের ক্ষতি হয়। দিদিমা বললেন— এখন বিয়ে দিও না বাপু, আমার তো চোদ্দ বছর বয়সে বিয়ে হয়ে লেখাপড়া বন্ধ হয়ে গেল। শর্মিলার সহপাঠীরা বলল ওর পড়াশোনা বন্ধ হয়ে যাবে এটা আমরা ভাবতেই পারছি না— আমরা আজই স্যার, দিদিদের সঙ্গে নিয়ে বিডিও সাহেবের কাছে অভিযোগ জানাতে যাব।

A) দিদিমা B) মামা-মামী C) সহপাঠী D) স্যার, দিদি।

44. কার কথা বলা হয়েছে?

সাড়ে চারশো বছর আগে (1564 খৃঃ) ইটালির পিসা শহরে জন্ম। বিখ্যাত জ্যোর্তি বিজ্ঞানী, গণিতজ্ঞ, পদার্থ বিজ্ঞানী। তিনি হঠাৎ করে দূরবীন আবিষ্কার করে ফেলেন। তিনি তাঁর যন্ত্র দিয়ে দেখেন চাঁদের ওপরের তল এবড়ো খেবড়ো, সূর্যের গায়ে কালো দাগ, বৃহস্পতির চারটে চাঁদ, চাঁদের মতো শুক্র বাড়ে কমে, দেখেন ছায়াপথ। কিন্তু লোকেরা এসব কথা পছন্দ করল না, বিশ্বাস ও করল না।

A) গ্যালিলিও B) কোর্পানিকাস C) ব্রুনো D) নিউটন।

45. এখন পৃথিবীর সামনে সবচেয়ে বড় বিপদ পৃথিবীর গরম হয়ে ওঠা। আমাদের এই সমস্ত কাজের কোন্‌টি পৃথিবীর গরম হওয়ার সঙ্গে সরাসরি যুক্ত নয়?

A) পারমাণবিক বোমা তৈরি করা B) পেট্রোল-ডিজেল চালিত যানবাহনের সংখ্যা বাড়ানো

C) অনেক কলকারখানা স্থাপন করা D) জঞ্জাল পরিষ্কার করে জলাভূমি ভরাট করে শহর গড়ে তোলা।

46. সুলেখা দিদিমণি একদিন সাবিনাদের ক্লাসে এসে বললেন— আমি শুনেছি মাঝের পাড়া গ্রামে দুই জাতির হিন্দু ধর্মের লোক বাস করে, একজনরা উচ্চ বর্ণের অন্য জনদের নিম্নবর্ণের বলা হয়। শুনলাম উচ্চবর্ণের লোকেরা নিম্নবর্ণের লোকদের নানা ভাবে অত্যাচার করছে। চলো আমরা সবাই মিলে একদিন গিয়ে বিষয়টা জানি; ওদের বোঝাই। নাজিরা বলল— দিদি, ওদের সমস্যা ওরা মেটাবে। আমরা কেন ওদের বোঝাতে যাব? মঞ্জুলা বলল— হ্যাঁ দিদি আমাদের যাওয়াই উচিৎ। উঁচু জাত নিচুজাত তো একটা ভুল ধারণা। কোন অন্ধবিশ্বাস দেখলে তা দূর করা আমাদের কর্তব্য। আরতি বলল— আমার বাবা আমাকে যেতে দেবে না। বাবা বলেন উঁচু জাত নিচুজাত বরাবরই ছিল এবং থাকবে। আমরা ওটা মানি। এদের মধ্যে কার কার মত ঠিক বলে মনে করো।

A) আরতি B) মঞ্জুলা C) নাজিরা D) সুলেখাদি ও মঞ্জুলা।

47. রতনের দাদু বলেন পঞ্চাশ বছর আগে যখন ওনারা এখানে প্রথম বসবাস করতে আসেন তখন এখানে অনেক বেজি, গোসাপ, শেয়াল, বুনো বিড়াল এসব জীবজন্তু থাকত। এখন এসব কিছুই নেই। এই কয়েক দিন আগে হঠাৎ ঝোপের ফাঁকে একটা বাচ্চা গোসাপ দেখা গেল। ভিড় জমে গেল। অনেকে ঢিল পাটকেল ছুঁড়তে লাগল। নানা জনের নানা কথা। কার কার কথা তোমার ঠিক বলে মনে হয়?

দাদু— ওরে মারিস না, ওটা সাপ নয়। খারাপ কিছু নয়। খুব ভীতু একটা জীব।

সুনীল স্যার— গোসাপ নাম হলেও এরা সাপ নয়। বরং সাপ, পোকা-মাকড়, ছোট ছোট জীবজন্তু খেয়ে পরিবেশের ভারসাম্য বজায় রাখে। আগে অনেক ছিল।

শিবু জেঠু— মেরে ফ্যাল ওটাকে। এতদিন আমাদের এসব উপদ্রব ছিল না। কোথা থেকে এলো? এটা অমঙ্গলের চিহ্ন।

রমা কাকিমা— কখন ঘরে ঢুকে পড়বে। গোয়ালে ঢুকে গরুছাগলকে কামড়াবে। মেরে ফেলা ভাল।

A) সুনীল স্যার B) দাদু ও সুনীল স্যার C) শিবু জেঠু ও রমা কাকিমা D) শিবু জেঠু।

48. চিপকো আন্দোলন কিসের সঙ্গে যুক্ত?

A) বায়ু দূষণ কমানোর জন্য B) বনভূমি রক্ষার জন্য C) স্বাদুজল সংরক্ষণের জন্য D) কৃষি উন্নয়নের জন্য।

49. কাউকে সাপে কামড়ালে কোন্ কাজটি সবচেয়ে গুরুত্বপূর্ণ?

A) ক্ষতস্থানের ওপরে ও নিচে হালকা বাঁধন দেওয়া

B) যে স্বাস্থ্যকেন্দ্রে সাপে কামড়ানোর চিকিৎসা হয়, যত তাড়াতাড়ি সম্ভব রোগিকে নিয়ে সেখানে পৌঁছনো

C) যে সাপ কামড়েছে সেটি চেনার জন্য চেষ্টা করা

D) ক্ষতস্থানটি ধুয়ে দেওয়া।

50. গ্রেটা থুনবার্গের আহ্বানে গড়ে ওঠা পৃথিবী জোড়া আন্দোলন "ফ্রাইডেস ফর ফিউচার" এর মূল লক্ষ্য কি?

A) প্লাস্টিক দূষণ রোধ করা B) পৃথিবীর তাপমাত্রা ঠিক রাখতে কার্বন নিঃসরন কমানো

C) পৃথিবীকে যুদ্ধমুক্ত করে শান্তি প্রতিষ্ঠা করা D) বন্যপ্রাণী রক্ষা করা।

# Rough